

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

#### MORNING NEWS BULLETIN

#### BENGALI

08 APRIL 2026

7:35—7:40

আসাম বিধানসভার ১২৬টি আসনের জন্য আগামীকাল একটি পর্যায়ে ভোটগ্রহণ করা হবে। এবারের নির্বাচনে রাজ্যে দু কোটি ৫০ লক্ষেরও বেশি ভোটদাতা তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন। এরমধ্যে এক কোটি ২৫ লক্ষ পুরুষ, ১ কোটি ২৫ লক্ষ মহিলা এবং ৩৪৩ জন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন। রাজ্যের ৩১ হাজার ৩৮৬টি ভোটকেন্দ্রে ভোটগ্রহণ সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য একশো শতাংশ ওয়েব কান্ট্রিংয়ের ব্যবস্থা করা হয়েছে। এই সময়ে শান্তি শৃঙ্খলা অটুট রাখার জন্য কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীর কয়েকশো কোম্পানি জওয়ান মোতায়েন করা হয়েছে। রাজ্যের মধ্যে দরং জেলার দলগাঁও বিধানসভা কেন্দ্রে সর্বাধিক এবং পশ্চিম কার্বি-আংলং আসনের আমরি কেন্দ্রে সর্বনিম্ন ভোটদাতা রয়েছেন বলে নির্বাচন কমিশন সূত্রে জানানো হয়েছে। এদিকে রাজ্যের মুখ্যনির্বাচন কমিশনার অনুরাগ গোয়েল প্রত্যেক ভোটদাতাকে নির্বাচন কমিশনের নির্ধারণ করে দেওয়া নথিপত্র সহ ভোটকেন্দ্রে গিয়ে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করার আহ্বান জানিয়েছেন। শ্রীগোয়েল বলেন যে- প্রতিটি ভোটকেন্দ্রে পানীয়জল, শৌচালয় এবং বিশেষভাবে সক্ষম লোকদের জন্য র‍্যাম্প'এর ব্যবস্থা সহ সবধরনের সুযোগ সুবিধা থাকার বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

কাছাড় জেলার সাতটি বিধানসভা কেন্দ্র সহ লক্ষীপুর ও ধলাই বিধানসভা কেন্দ্রের বাকি অংশের ভোট কর্মীরা আজ নিজ নিজ ভোট কেন্দ্রের উদ্দেশ্যে যাত্রা করবেন। এদিকে কাছাড় জেলার লক্ষীপুর ও ধলাই বিধানসভা কেন্দ্রের মধ্যে প্রত্যন্ত ও দূরবর্তী ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে গতকালই ভোটকর্মীরা ভোটসামগ্রী নিয়ে পৌঁছে গেছেন। সরকারী তথ্য অনুযায়ী লক্ষীপুর বিধানসভার ৬টি এবং ধলাই বিধানসভার চারটি ভোট কেন্দ্রের কর্মীরা গতকাল নিজেদের গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা করে ভোটকেন্দ্রে পৌঁছে গেছেন।

এদিকে ডিমা হাসাও জেলার ২৩টি প্রত্যন্ত ভোট গ্রহণ কেন্দ্রের ভোট কর্মীরা গতকাল ভোট সামগ্রী নিয়ে যাত্রা করেছেন। আজ অবশিষ্ট স্থানের ভোট কর্মীরা যাত্রা করবেন।

---

বিধানসভা নির্বাচন উপলক্ষ্যে সমগ্র রাজ্যে আগামীকাল ৯ই এপ্রিল সবেতন ছুটি ঘোষণা করা হয়েছে। রাজ্যের শ্রম কল্যাণ বিভাগ থেকে ১৯৫১ সালের জনপ্রতিনিধিত্ব আইনের ১৩৫ বি ধারা অনুসারে সব যোগ্য ভোটারদের ভোটদান প্রক্রিয়ায় অংশগ্রহণে সুবিধা প্রদান করতে আগামীকাল ৯ই এপ্রিল সবেতন ছুটি ঘোষণা করা হয়েছে। এরফলে আগামীকাল ৯ই এপ্রিল সরকারী-বেসরকারী কার্যালয়, গ্রাম পঞ্চায়েত প্রতিষ্ঠান, পৌর প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, ব্যবসা ও বানিজ্যিক প্রতিষ্ঠান সহ ব্যাঙ্ক, চা বাগান ও কল কারখানায় সবেতন ছুটি থাকবে।

---

কাছাড়ের জেলা নির্বাচনী আধিকারিক তথা জেলা আয়ুক্ত আয়ুষ গর্গ আগামীকাল জেলায় বিধানসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে এক নির্দেশনা জারি করেছেন। এই নির্দেশনা অনুযায়ী ভোটকেন্দ্রের একশো মিটার ব্যাসার্ধের মধ্যে কোনো প্রার্থীর কার্যালয় রাখা যাবে না। কোনো প্রার্থী যদি ভোটকেন্দ্র থেকে একশো মিটারের বাইরে তার কার্যালয় স্থাপন করতে চান, তবে তাকে লিখিত অনুমতি নিতে হবে। এছাড়া এই বুথে কোনো ব্যানার, পোস্টার, পতাকা, প্রতীকচিহ্ন বা অন্য কোনো সামগ্রী প্রদর্শন করা যাবে না। সেখানে খাদ্যদ্রব্য বিতরণ, ভিড় জমায়েতের অনুমতিও দেওয়া হবে না। ভোট দেওয়ার পর বুথগুলিতে ফেরত আসার অনুমতি নেই। বুথ পরিচালনাকারীরা ভোটারদের স্বাধীনভাবে ভোটাধিকার প্রয়োগে কোনো প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারবেন না। নির্দেশাবলী অমান্য করলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে।

---

আসাম বিধানসভা নির্বাচনের প্রচার অভিযান গতকাল বিকেল ৫ টায় সমাপ্ত হওয়ার সঙ্গে সঙ্গে রাজ্যে সাইলেন্স পিরিওড আরম্ভ হয়েছে। ১৯৫১ সালের জনপ্রতিনিধিত্ব আইনের ১২৬ নম্বর ধারা অনুযায়ী নির্বাচনী প্রচারের সময়সীমা সমাপ্ত হওয়ার পর এবং ভোটগ্রহণ শুরু হওয়ার ৪৮ ঘন্টা পূর্বে এই সাইলেন্স পিরিওডে বেশ কিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। এই নিষেধাজ্ঞা অনুযায়ী এই সময়সীমার মধ্যে প্রকাশ্য সভা, শোভাযাত্রা, বৈদ্যুতিন মাধ্যম বা সামাজিক মাধ্যমে প্রচার সহ সব ধরনের নির্বাচনী প্রচার সম্পূর্ণভাবে নিষিদ্ধ থাকবে। নির্বাচন কমিশন এস এম এস, ফোনকল,

সামাজিক মাধ্যমে ভোট চাওয়া ,বৈদ্যুতিন মাধ্যমে মতামত , সমীক্ষা এবং জরীপের ফলাফল সহ নির্বাচন সম্পর্কিত বিষয়বস্তু প্রদর্শন করার ওপর নিষেধাজ্ঞা জারি করেছে ।

---

রাজ্যে ঘরোয়া রান্নার গ্যাস সিলিন্ডারের কোন অভাব নেই এবং গ্রাহকদের চাহিদা পূরণ করতে সিলিন্ডারের যোগান অব্যাহত রয়েছে বলে ইন্ডিয়ান ওয়েল সূত্রে জানানো হয়েছে । এছাড়া প্রধানমন্ত্রী উজ্জ্বলা প্রকল্পের সিলিন্ডার পেতে হলে ই-কে ওয়াই সি বাধ্যতামূলক বলেও জানানো হয় ।

রাজ্যে রান্নার গ্যাস সিলিন্ডার নিয়ে আকাশবানীর সঙ্গে কথা বলতে গিয়ে ইন্ডিয়ান ওয়েলের আধিকারীক জানান-----

#বাইট#

---